গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা
সাধারণ শাখা

## জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | কাজী নাহিদ রসুল<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি: |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা। |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। গত মাসের সিদ্ধান্ত মোতাবেক কেয়ার বাংলাদেশ, গাইবান্ধা এর প্রতিনিধি গাইবান্ধা জেলায় তাদের উন্নয়ন কার্যক্রম স্লাইড প্রদর্শনের মাধ্যমে সকলকে অবগত করেন। পরে সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিদের সাথে তাদের গৃহীত কার্যক্রম সম্পর্কে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **গণ উন্নয়ন কেন্দ্র, নশরৎপুর, গাইবান্ধা:** গণ উন্নয়ন কেন্দ্র এর জেলা সমন্বয়কারী গাইবান্ধা জানান, জিইউকে ৪০ তম বর্ষে পদার্পণ উপলক্ষে জিইউকে রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ চত্বরে GUK Award-2023 এবং পিঠা মেলার আয়োজন করা হয় এবং অনুষ্ঠান শেষাংশে সংস্থার কর্মীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে প্রায় ৪ শতাধিক শীতকালীন পিঠা অতিথিদের মাঝে পরিবেদশন করা হয়। গণ উন্নয়ন কেন্দ্র পরিচালিত সকল আনন্দলোক প্রাথমিক বিদ্যালয়, উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় ও কুন্দেরপাড়া গণ উন্নয়ন একাডেমির সকল শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়। মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে থেকে জানুয়ারি/২৪ মাসে ১০ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন এবং ০5 জন মাদকাসক্ত ব্যক্তি ভর্তি হয়েছেন। জিইউকে হাসপাতাল এর মাধ্যমে ৭৩৩ জনকে সরাসরি এবং ১১০ জনকে টেলিমেডিসিন সেবাসহ ২১৫ জনকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়। কনসার্ন ওয়াল্ডওয়াইড এর সহযোগিতায় সুন্দরগঞ্জ ও ফুলছড়ি উপজেলায় ৫ শতাধিক শীতার্ত পরিবারের মাঝে কম্বল বিতরণ করা হয়। এছাড়াও শিক্ষা কর্মসূচির মাধ্যমে ০৬ টি প্রি স্কুলে ১৩২ জন, প্রাথমিক ৪৯ জন, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ১৩০ জন ও কারিগরি কলেজে ৯৬ জন শিক্ষার্থীর পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। জলবায়ু পরিবর্তনের বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য ৭৯টি উঠান বৈঠকের আয়োজন করা হয়। | মাদকাশক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রের কার্যক্রম আরও জোরদার করণ করতে হবে। | জেলা সমন্বয়কারী, গণ উন্নয়ন কেন্দ্র, গাইবান্ধা |

| | | | |
|---|---|---|---|
| ০২. | **এসকেএস ফাউন্ডেশন, হরিনসিংহা, গাইবান্ধাঃ** এসকেএস জেলা সমন্বয়কারী গাইবান্ধা জানান, মাঠ পর্যায়ে ২৩৯টি ল্যাট্রিন এবং ১,৫০,২৫০/- টাকা ব্যয়ে ওয়াটার সোর্স ৬৯টি স্থাপন করা হয়। ১৫৫টি স্যাটেলাইট ক্লিনিক আয়োজন করে ১০৪০ জন রোগীকে সেবা প্রদান। মমতা প্রকল্পের সহায়তায় ২৮৪ জনকে নরমাল ডেলিভেরিতে সহায়তা এবং উন্নত চিকিৎসার জন্য ০৮ জনকে রেফার‌্যাল প্রদান করা হয়। মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক ১৩টি এ্যাডভোকেসী সভার আয়োজন করা হয়। বিনামূলে চোখের ছানি অপারেশন- ৩০২ জন। শিক্ষার্থীদেরকে বিনামূলে ঔষধ ও চশমা বিতরণ-৫১ জন। এছাড়া শিক্ষা নিয়ে রংধনু খেলাঘর শিশুদের সম্পর্কে সেশন পরিচালনা- ৭৫টি, দুর্বল শিক্ষার্থীদের নিয়ে আলাদা ক্লাস সেশন- ৫০টি, কিশোরীদের নিয়ে গার্লস ফোরাম সভা ১৮৬টি এবং ১০টি মাসিক সভা আয়োজন করা হয়।<br>সিডিআরসি কর্তৃক চর এলাকার -০৯ জনকে ০৩ লক্ষ পঁচাশি হাজার টাকা, দুর্যোগ ঝুঁকিহ্রাস বসতভিটা উচুঁকরণ-৩৪টি, প্রদর্শনী পুষ্টি বাগান তৈরী-২৬৯ জন কৃষক কে, দুর্যোগ সহনশীল সবজীর বীজ বিতরণ ৮০ জন, ইউনিয়ন ঝুঁকিহ্রাস ম্যাপ তৈরী-০৮টি এবং ইউনিয়ন ভিত্তিক ০৭টি দুর্যোদ মোকাবেলায় আগাম পরিকল্পনা করা হয়। | স্বাস্থ্য ও শিক্ষা কার্যক্রম আরও বেগবান করার জন্য উপজেলা স্বাস্থ্য/শিক্ষা কর্মকর্তার সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | জেলা সমন্বয়কারী, এসকেএস ফাউন্ডেশন, গাইবান্ধা |
| ০৩. | **ব্র্যাক, ধানঘড়া,গাইবান্ধাঃ** ব্র্যাক জেলা সমন্বয়কারী গাইবান্ধা জানান, জেলার ৭টি উপজেলার ৮১টি ইউনিয়নে জানুয়ারি ২০২৪ মাসে ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচির মাধ্যমে ৭৭ জন স্বাস্থ্যকর্মী ১৫০১১ খানা পরিদর্শন করে বিভিন্ন ধরণের সেবা প্রদান করা হয়েছে। এরমধ্যে ৯১৪ জন গর্ভবতীকে চিহ্নিত করণ, ২১৬৩ জন নারীকে এএনসি সেবা এবং ২১০ জন নারীকে পিএনসি সেবা প্রদান করা হয়। উন্নত চিকিৎসার জন্য ২৬ জনকে রেফার‌্যাল করা হয়। ব্র্যাক স্বাস্থ্য কর্মী দ্বারা ২২৭ জনকে নরমাল ডেলিভেরি করা হয়। জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচির মাধ্যমে ৩৩৪৬ জন রোগীর কফ পরীক্ষার মাধ্যমে ২৯৪ জন রোগী চিহ্নিত করা হয়েছে। চিকিৎসার মাধ্যমে ৩১৬ জন রোগী সুস্থ্য হয়েছেন এবং চলমান রোগীর সংখ্যা-১৯১৫ জন। রিডিং গ্লাসেস ফর ইমপ্রুভ লাইভলিহুড প্রকল্পের মাধ্যমে ৭৭৮ জন মানুষের চোখ পরীক্ষা করে ৩৩৯ টি চশমা বিতরণ করা হয়।<br>ব্র্যাক শিশু নিকেতন ০৩টি স্কুলে ২৩৯ জন বালক এবং ২৬৪ জন বালিকা অধ্যায়ন করছে। Advocacy for ply & Early Learning in Bangladesh প্রকল্পের মাধ্যমে ৩৩ টি বিদ্যালয়ে ১০৫৬ জন শিক্ষার্থী। জেলা পর্যায়ে ১টি এবং সকল উপজেলায় ১টি করে দুর্যোগ ব্যবস্থাপনা টিমের সদস্যগণকে যে কোন দুর্যোগ মোকাবেলায় জন্য সবসময় প্রস্তুত রাখা হয়েছে। ব্র্যাক সীড অ্যান্ড এগ্রো এন্টারপ্রাইজ এর ২০ জন ডিলারের মধ্যে ২,০০,০০০/= টাকার সবজি বীজ বিক্রয় করা হয়েছে। ব্র্যাক কৃত্রিম প্রজনন কর্মসূচির আওতায় জাত উন্নত করণের লক্ষ্যে এ মাসে ৭৩৭৪টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। ব্র্যাক ডেইরী অ্যান্ড ফুড প্রজেক্ট এর আওতায়-৯৫৬৩২ লিটার দুধ ক্রয় করা হয়েছে। ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর মাধ্যমে গাইবান্ধার সদর পৌরসভায় ৩৬টি মিটিং এ ৬৮৯ জন এবং সিডিও ০৬টি মিটিং এ ১০৮ জন উপস্থিত ছিল। দক্ষতা উন্নয়ন কর্মসূচির মাধ্যমে গাইবান্ধা সদর-২৭০ জন, সুন্দরগঞ্জ-২৭০ জন এবং গোবিন্দগঞ্জ-২৭০ জন উপকারভোগীকে ০৬ মাস ব্যাপী প্রশিক্ষণ প্রদানের জন্য নির্বাচন কার্য চলমান এবং ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান চলমান রয়েছে। | স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার/তাঁর প্রতিনিধিকে সম্পৃক্ত করতে হবে। | জেলা সমন্বয়কারী, ব্র্যাক, গাইবান্ধা |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | **ফ্রেন্ডশিপ, পূর্বপাড়া, গাইবান্ধাঃ** ফ্রেন্ডশিপ আঞ্চলিক সমন্বয়কারী গাইবান্ধা জানান, মোবাইল হেলথ সার্ভিস প্রকল্পের ১৩৩ জন স্বাস্থ্যকর্মীর মাধ্যমে ২৮,২১৬ জন ব্যক্তিকে স্বাস্থ্যসেবা, ৫০২ জন মাকে গর্ভবর্তী ও গর্ভপরবর্তী সেবা, ৪৪৩২ জন নারীকে পরিবার পরিকল্পনা সেবা প্রদান এবং ৬৪৭০ জনকে উন্নত চিকিৎসার জন্য রেফার‌্যাল প্রদান করা হয়। ৭২টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে ১২,৫৯২ জনকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয় এবং ৭২টি পুষ্টি কার্যক্রমের প্রদর্শনীর মাধ্যমে শিশু ও মাদের পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য আলোচনা করা হয়। ৩৫০ জন নারীকে ভায়া পরীক্ষার মাধ্যমে ০৬ জনকে পজেটিভ রোগী সনাক্ত এবং ৮০টি উঠান বৈঠকের মাধ্যমে ১৬২৬ জন নারীকে জরায়ু ক্যান্সার বিষয়ে সচেতন করা হয়। ১৮৪টি ইপিআই কেন্দ্রে ৩৮৯৩ জন শিশু ও নারীকে টিকা প্রদান করা হয়। ১৪টি ফ্রেন্ডশিপ প্রাথমিক বিদ্যালয়ে ১৩৩৪ জন এবং ০৬টি মাধ্যমিক বিদ্যালয়ে ৪৪২ জন ছাত্র-ছাত্রীকে পাঠদান করানো হয়। ৯টি ফ্রেন্ডশিপ দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা এবং ০৯ টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। প্রাকৃতিক দুর্যোগের সময় নিরাপদ আশ্রয়ের জন্য ০২টি আশ্রয়কেন্দ্রর মধ্যে ০১টির নির্মান কাজ প্রায় সম্পন্ন হয়েছে। | স্বাস্থ্য ও শিক্ষা কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য উপজেলা স্বাস্থ্য/শিক্ষা কর্মকর্তার সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | আঞ্চলিক সমন্বয়কারী, ফ্রেন্ডশিপ, গাইবান্ধা |
| ০৫. | **গাইবান্ধা-জয়পুরহাট লেপ্রসী কেয়ার এন্ড রিহ্যাবিলিটেশন প্রজেক্ট, গাইবান্ধাঃ** প্রোগ্রাম লিডার গাইবান্ধা জানান, জানুয়ারি ২০২৪ মাসে জেলায় ২৬ জন নতুন কুষ্ঠরোগী সনাক্তকরণ ও চিকিৎসা সেবা প্রদান করা হয়। বর্তমানে ১৭৫ জন রোগী চিকিৎসাধীন রয়েছে এবং ৪৪ জন রোগীর চিকিৎসা সমাপ্ত হয়েছে। ৩০ জন রোগীর মাঝে সহায়ক উপকরণ বিতরণ করা হয়। ১৬ টি রোগীর এলাকাতে কন্টাক্ট সার্ভে প্রোগ্রাম করার মাধ্যমে ৩৪৮১ জন লোককে পরীক্ষা করে ১৩ জন রোগী সনাক্তকরণ করা হয়। পুনর্বাসন প্রকল্পের আওতায় বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। | কুষ্ঠরোগী সনাক্তকরণ ও চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার/তাঁর প্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে। | প্রোগ্রাম লিডার, গাইবান্ধা-জয়পুরহাট লেপ্রসী কেয়ার এন্ড রিহ্যাবিলিটেন প্রজেক্ট, গাইবান্ধা |
| ০৬. | **গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, গাইবান্ধাঃ** গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র আঞ্চলিক পরিচালক জানান, গণস্বাস্থ্য হাসপাতাল, মধ্য ধানঘড়া, ঝানঝাইড় গণস্বাস্থ্য উপকেন্দ্র এবং পূর্ব লালচামার গণস্বাস্থ্য উপকেন্দ্র এর মাধ্যমে নিয়মিত স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। জানুয়ারি মাসে ২৩০ জনকে ক্লিনিকে সেবা প্রদান, ৬৫ গর্ভবতী মাকে প্রসব পরবর্তী সেবা প্রদান, ৫৫ জনকে প্রসূতি ও শিশুর পরিচর্যা বিষয়ক সেবা প্রদান করা হয়। গর্ভবতী ক্যাম্প পরিচালনা করা হয় ৩০টি, ৩৫ জনকে বয়স্ক সেবা প্রদান, টিবিএ- ০০ জন এবং ০৬ জনকে ফিজিওথেরাপি সেবা প্রদান করায়। | স্বাস্থ্যসেবা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার/তাঁর প্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে। | আঞ্চলিক পরিচালক, গণস্বাস্থ্য কেন্দ্র, গাইবান্ধা |
| ০৭. | **প্রশিকা, গাইবান্ধাঃ** প্রশিকা বিভাগীয় ব্যবস্থাপক জানান, মাঝে মাঝে একজন এমবিবিএস ডাক্তার দ্বারা স্বাস্থ্য সেবা ক্যাম্প পরিচালনা করা হয়। ঠোঁট কাটা ও তালু কাটা রোগীদের বিনামূল্য অপারেশন করা হয়। সাঘাটা উপজেলার বোনারপাড়া ইউনিয়নে বোনারপাড়া কলেজমোড়ে-২৫০টি, গাইবান্ধা সদর উপজেলার বাদিয়াখালী উচ্চ বিদ্যালয়ে ২৫০টি, শ্রী শ্রী ভিএইড কালীবাড়ীতে ২৮০টি, প্রশিকার তুলসীঘাট শাখা অফিস হতে -২২০টি ও পলাশবাড়ী উপজেলা প্রশিকার অফিস হতে -৪৫০টি ,ডিসি অফিসে জমা-৫০টি কম্বলসহ মোট ১৫০০টি কম্বল অসহায় শীতার্তদের মাঝে বিতরণ করা হয়। সমিতির সদস্যদের সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি কর্মসূচি চলমান রয়েছে। স্বল্প সুদে ২০০ জন কৃষকের মাঝে ১,৮০,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন এবং মাদকাসক্তি প্রতিরোধ বিষয়ক ১০টি উঠান বৈঠক কঞ্চিপাড়া, উদাখালী ও উড়িয়া ইউনিয়নে করা হয়। | স্বাস্থ্যসেবা প্রদান নিয়মিত করণ করতে হবে। | বিভাগীয় ব্যবস্থাপক, প্রশিকা, গাইবান্ধা |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | **আরডিআরএস,বাংলাদেশ, গাইবান্ধাঃ** আরডিআরএস জেলা প্রতিনিধি গাইবান্ধা জানান, সংঘ প্রকল্প হতে সদর, সুন্দরগঞ্জ ও ফুলছড়ি উপজেলার ১৮টি ইউনিয়নের ৮৩৪টি সেশনের মাধ্যমে ১৪২১৪ জন কমিউনিটি মা এবং ৪১৬টি সেশনের মাধ্যমে ৭৯১০ জন কিশোরীদের পুষ্টি উন্নয়ন বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য সভা আয়োজন করা হয়। মানব পাচার প্রতিরোধ প্রকল্পের মাধ্যমে সুন্দরগঞ্জ ও গোবিন্দগঞ্জ উপজেলায় ০২টি উঠান বৈঠকে ৪টি মানব পাচার শিকার ব্যক্তিকে চিহ্নিতকরণসহ, নিরাপদ অভিবাসন ও বাল্যবিবাহ প্রতিরোধ নিয়ে সচেতনতামূলক উঠান বৈঠক আয়োজন করা হয়। ১৭টি ফেডারেশন কার্যক্রমকে বেগবান করার জন্য ৪৬৫ জন নেতার সমন্বয়ে মাসিক সভা আয়োজন করা হয়। | মা ও শিশুর পুষ্টি উন্নয়ন ত্বরান্বিত করার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে। | প্রকল্প সমন্বয়কারী, আরডিআরএস, গাইবান্ধা |
| ০৯. | **সচেতন নাগরিক কমিটি(সনাক), গাইবান্ধাঃ** সনাক আঞ্চলিক সমন্বয়কারী গাইবান্ধা জানান, তার প্যাকটা প্রকল্পের আওতায় জানুয়ারি মাসে ৫২,১৬৯/- টাকা ব্যয়ে সনাক সভা, ইয়েস সভা, এসিজি সভাসহ ১৬টি মাসিক সভা সম্পন্ন করা হয়। | মাসিক সভা নিয়মিত করণ করতে হবে। | আঞ্চলিক সমন্বয়কারী, সনাক, গাইবান্ধা |
| ১০. | **সেভ দ্য চিলড্রেন, গাইবান্ধাঃ** সেভ দ্য চিলড্রেন জেলা ব্যবস্থাপক গাইবান্ধা জানান, সংস্থাটি মমতা প্রকল্পের মাধ্যমে সাঘাটা উপজেলার পদুমশহর ও ভরতখালী, সুন্দরগঞ্জ উপজেলার-বামনডাংগা, তারাপুর, সোনারায়, এবং ফুলছড়ি উপজেলার-উড়িয়া, এরেন্ডাবাড়ী, হলদিয়া, ঘাগোয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা, গর্ভকালীন সেবা ও প্রসব পরবর্তী সেবা কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি/২৪ মাসে ২৮৪ টি স্বাভাবিক প্রসব সেবা দেয়া হয়েছে। এসকেএস ফাউন্ডেশন এর মাধ্যমে সাঘাটা উপজেলার ১০টি ইউনিয়নে ৫০টি পড়া ও গণিত ক্লাব সেন্টারে ৫০ জন স্বেচ্ছাসেবক নিয়োগ করা হয়। সাঘাটা উপজেলায় ৪৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এসআরএম কর্মসূচির আওতায় ০১টি করে বুক সেলফ এবং ৪৩টি গল্পের বই বিতরণ করা হয়। প্রকল্পের কমিউনিটি সেচ্ছাসেবক ও ইন্টারপুল এর সদস্যদের মাধ্যমে বন্যার আগাম পূর্বাভাস ও সতর্ক বার্তা প্রদান করা হয়। | শিশুদের স্বাস্থ্য কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | জেলা ব্যবস্থাপক, সেভ দ্য চিলড্রেন, গাইবান্ধা |
| ১১. | **ছিন্নমুল মহিলা সমিতি, পলাশবাড়ী রোড, গাইবান্ধাঃ** ছিন্নমুল মহিলা সমিতির নির্বাহী পরিচালক গাইবান্ধা জানান, ৪৬৮টি দলে ১০৭৪০ জন নারী ও ৯৪০ জন কিশোরীকে দলীয়ভাবে আলোচনার মাধ্যমে তাদের পুষ্টিসহ স্বাস্থ্য, স্যানিটেশন, এইডস ও মাদকতা প্রতিরোধ ইত্যাদি বিষয়ে সচেতনতা গড়ে তোলা হয়েছে। ফুলছড়ি উপজেলার ৪টি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষায় জেন্ডার সংবেদনশীল ও জলবায়ু সহনীয় জাতীয় নীতিমালা সহায়ক কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে মেয়েদের ক্ষমতায়নের সহায়তা করার কার্যক্রম চলমান। মোট উপকারভোগীর সংখ্যা-১৪৫০ জন। পরিবেশ বান্ধব জ্বালানী সাস্রয়ী উন্নত পোর্টেবল ৫১৮টি চুলা প্রডাকশন ও সরবরাহ করা হয়। ১১টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়েছে। ওয়েষ্ট টু বায়োগ্যাস ও কম্পোষ্ট তৈরীর আওতায় গাইবান্ধা পৌর এলাকার বাসাবাড়ি থেকে গৃহস্থালী বর্জ্য অপসারণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। কৃষক দল গঠনের মাধ্যমে উন্নত প্রযুক্তি হস্তান্তর ও সেফফুড উৎপাদন ও বিক্রয়ে সচেতনতা সৃষ্টি এবং ৬০টি গ্রুপে ১৪৮০ জন কৃষককে উৎপাদিত পন্য বিক্রয়ে সহযোগিতা করা হয়। ৫০ জন মানব পাচারের শিকার ব্যক্তিকে আয়মূলক কার্যক্রম পরিচালনায় মনিটিরং কার্যক্রম চলমান রয়েছে। | ওয়েষ্ট টু বায়োগ্যাস ও কম্পোষ্ট তৈরীর আওতায় বাসাবাড়ি থেকে গৃহস্থালী বর্জ্য অপসারণ কার্যক্রম জোরদারকরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ছিন্নমুল মহিলা সমিতি, গাইবান্ধা |

| | | | |
|---|---|---|---|
| ১২. | <u>ইকো সোশ্যাল ডেভেলোপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও), মোমিনপাড়া, গাইবান্ধা:</u> ইএসডিও জেলা সমন্বয়কারী গাইবান্ধা জানান, আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রকল্পের মাধ্যমে ১৯ জনকে সিজারিয়ান ডেলিভারিসেবা, ০৩ জনকে নরমাল ডেলিভারি সেবা, ৩৭৭ জনকে প্যাথোলজি সেবা এবং ০২টি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে ১০৩৬ জনকে বিভিন্ন রোগ প্রতিরোধে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। উপজেলা প্রাণিসম্পদ অফিসের মাধ্যমে এরেন্ডাবাড়ি ইউনিয়নে ১০০ জন এবং ফজলুপুর ইউনিয়নে ৬৮ জন কৃষককে গমের বীজ ও সার বিতরন করা হয়। | স্বাস্থ্যসেবার মান বৃদ্ধি করতে হবে। | জেলা ব্যবস্থাপক, ইএসডিও, গাইবান্ধা |
| ১৩. | **<u>আরএইচ স্টেপ, সদর হাসপাতাল রোড, গাইবান্ধাঃ</u>** আরএইচ স্টেপ হিসাব ও প্রশাসনিক কর্মকর্তা গাইবান্ধা জানান, স্বাস্থ্য সেবা কার্যক্রমের আওতায় ৭০ জনকে এম আর, 3০ জন নারীকে এএনসি, ১১ জন নারীকে পিএনসি, ১৪ জনকে আরটিআই, ৩৫ জন নারীকে ব্রেষ্ট ক্যান্সার কাউন্সিলিং বিষয়ে সেবা প্রদান করা হয়। আলোরধারা পাঠশালায় আগত ১৬৩ জন কিশোর-কিশোরীকে বইপড়ার প্রতি আগ্রহ সৃষ্টি করা হয়। | স্বাস্থ্যসেবার কার্যক্রম আরো ত্বরান্বিত করার জন্য জেলা ও উপজেলা প্রশাসনকে সম্পৃক্ত করতে হবে। | হিসাব ও প্রশাসনিক কর্মকর্তা, আরএইচ স্টেপ, গাইবান্ধা |
| ১৪. | **<u>ওয়ার্ল্ড ভিশন, সুন্দরজাহান মোড়, গাইবান্ধাঃ</u>** ওয়ার্ল্ড ভিশন ব্যবস্থাপক গাইবান্ধা জানান, পৌরসভা, খোলাহাটী, ঘাগোয়া ও গিদারী ইউনিয়নে ১২ জন পুষ্টি কর্মী কর্মরত রয়েছে, ২৪০ জন মাঝারী ও মারাত্নক অপুষ্টি শিশুর জন্য পুষ্টিকণা (মাইক্রো নিউট্রিয়েন্ট পাউডার) প্রদান, প্রতিমাসে ৫ বছরের নিচে ৩৮৮৮ জন শিশুকে জিএমপি সেবা প্রদান চলমান, ১০২ জন গর্ভবতী ও প্রসূতী মায়েদের শিক্ষা সেশন প্রদান, ১০০ জনকে নিউট্রিশন গার্ডেন এর উপর প্রশিক্ষণ প্রদান, ১২০ জনকে স্বাস্থ্য ও পুষ্টি সেশন এবং ৮০ জনকে নিরাপদ মাতৃত্বের উপর সেশন প্রদান করা হয়েছে। | নিরাপদ মাতৃত্বের উপর সেশন কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | ব্যবস্থাপক, ওয়াল্ড ভিশন, গাইবান্ধা |
| ১৫. | **<u>জিকেএস, জুমারবাড়ী, সাঘাটা, গাইবান্ধাঃ</u>** জিকেএস নির্বাহী পরিচালক গাইবান্ধা জানান, গাইবান্ধা জেলায় শিক্ষা প্রকল্পের আওতায় ০৫টি উপ-আনুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় পরিচালিত হচ্ছে। এতে ৫ম শ্রেণির ০২টি ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা ৬০ জন, মোট উপস্থিতির হার ৬৭% এবং ৩য় শ্রেণির ০৩টি ক্লাসে শিক্ষার্থীর সাংখ্যা ৯০ জন, মোট উপস্থিতির হার ৯৭%। ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের অধিনে উপকারভোগীদের তালিকা সংগ্রহ, দল গঠন ও প্রশিক্ষণের স্থান নির্ধারন, ত্রৈমাসিক কর্ম পরিকল্পনা তৈরী পূর্বক উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর প্রদান করা হয়। | শিক্ষার্থীর উপস্থিতির হার বৃদ্ধি করতে হবে। | নির্বাহী পরিচালক, জিকেএস, গাইবান্ধা |
| ১৬. | **<u>মানব কল্যাণ স্বাবলম্বী সংস্থা, সাদুল্লাপুর,গাইবান্ধাঃ</u>** এমকেএস জেলা প্রোগ্রাম ম্যানেজার গাইবান্ধা জানান, মানব কল্যাণ স্বাবলম্বী সংস্থা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আর্থিক সহযোগিতায় আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন শিক্ষা কর্মসূচির আওতায় গাইবান্ধা জেলার সদর, সাদুল্লাপুর ও পলাশবাড়ী উপজেলায় কার্যক্রম চলমান রয়েছে। এ প্রকল্পের আওতায় ০৩টি উপজেলায় মোট শিক্ষার্থীর সংখ্যা-৬২৬১ জন (বালক-৩১২৭ জন, বালিকা-৩১৩৪ জন) এবং ০৩ টি উপজেলার ২১০ টি শিখন কেন্দ্র চলমান আছে। সংস্থা কর্তৃক ১২ জন উপকারভোগীদের মাঝে স্বল্প মুনাফায় রিং ও স্লাব বিতরণ করা হয়। সমন্বিত মৎস্য চাষ পদ্ধতি চলমান আছে এবং এ মাসে ২ মণ মাছ বিক্রয় করা হয়েছে। | সমন্বিত মৎস্য চাষ পদ্ধতি ত্বরান্বিত করণ করতে হবে। | জেলা প্রোগ্রাম ম্যানেজার, মানব কল্যাণ স্বাবলম্বী সংস্থা গাইবান্ধা |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | **এসডিআরএস, গাইবান্ধাঃ** এসডিআরএস প্রশাসনিক কর্মকর্তা জানান, এসডিআরএস ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড এর অংশীদারি সংস্থা হিসেবে বায়োগ্যাস, ইডকল উন্নত চুলা গ্রাম ও শহর পর্যায়ে স্থাপনের মাধ্যমে কার্বন শক্তি হ্রাস করে জলবায়ু পরিবর্তনে মোকাবেলা করা হয়। ডিজেলের ব্যবহার হ্রাস এবং কৃষকদের জন্য টেকসই সেচ সুবিধা নিশ্চিত করতে সোলার পাম্প স্থাপনের মাধ্যমে গ্রাহকদের উন্নত সেবা প্রদান করা হয়। সংস্থা কর্তৃক পল্লী ফুড সুইটস, চিকেন পল্লী, চাইনিজ রেস্টুরেন্ট, কারুপল্লী, পল্লী প্লাজা, পল্লী কানজ্যুমার পরিচালনা করা হচ্ছে। বায়োগ্যাস, ইডকল উন্নত চুলা গ্রাম ও শহর পর্যায়ে এর ব্যবহার বৃদ্ধি করার জন্য সভাপতি অনুরোধ জানান। | বায়োগ্যাস, ইডকল উন্নত চুলা গ্রাম ও শহর পর্যায়ে এর ব্যবহার বৃদ্ধি করাতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা, এসডিআরএস গাইবান্ধা |
| ১৮. | **সোস্যাল প্রজেকশন কমিটি, গাইবান্ধাঃ** সোস্যাল প্রজেকশন কমিটি নির্বাহী প্রধান জানান, ভ্যান ও অটো রিক্সা ক্রয়- ১৭,০০০/= টাকা, গরু ক্রয়- ৬,১৫,০০০/= টাকা, গৃহ মেরামত ৩৪,০০০/= টাকা, ছাগল ক্রয়- ৬,০৩,০০০/- টাকা এবং অটো-রিক্সার ব্যাটারী ক্রয় ২,০৩,০০০/- টাকা সহ মোট ২৬,৩০,০০০/= টাকা ক্রম হ্রাসমান ২৪% হারে ঋণ বিতরণ করা হয়। ১০০ জন শীতার্ত মানুষকে ২৫০০০/- টাকার বস্ত্র বিতরণ করা হয়। | ঋণ প্রদানের পাশাপাশি বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করতে হবে। | নির্বাহী প্রধান, সোস্যাল প্রজেকশন কমিটি, গাইবান্ধা |
| ১৯. | **গ্রাম উন্নয়ন জন কল্যাণ সংস্থা, সাঘাটা, গাইবান্ধাঃ** গ্রাম উন্নয়ন জন কল্যাণ সংস্থার নির্বাহী প্রধান গাইবান্ধা জানান, জানুয়ারি/২৪ মাসে ২৫ জন সদস্যের মাঝে বিনামূল্যে ১৫০০০/- টাকার স্যানিটেশন উপকরণ বিতরণ করা হয়। কাঠের আসবাবপত্র তৈরী ও হস্তশিল্প হতে আয় মূলক কার্যক্রম পরিচালনা করা এবং দুঃস্থ ২৫ জনের মাঝে বিনামূল্যে ভোজ্য তেল বিতরণ করা হয়। | বিনামূল্যে ভোজ্য তেল বিতরণের তালিকা উপজেলা নির্বাহী অফিসারকে জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রধান, গ্রাম উন্নয়ন জন কল্যাণ সংস্থা, গাইবান্ধা |
| ২০. | বাদিয়াখালী ত্রাণ ও পুর্নবাসন সংস্থা, বাদিয়াখালী, গাইবান্ধাঃ দক্ষিণ কোরিয়ার আর্থিক সহায়তায় এবং আন্ধারী হিল্ফ ফাউন্ডেশনের সার্বিক সহযোগিতায় সৌহাদ্য প্রকল্পটি এ দেশের তিনটি বিভাগের (যথাক্রমে- রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ) দরিদ্র, অসহায় ও পিছে পড়া জনগোষ্ঠীর আবাসস্থল পুনর্বাসন করা এবং বিভিন্ন বৃত্তিমুলক শিক্ষা প্রদান করে তাদের স্বাবলম্বী করে তোলা ও ভবিষ্যত জীবন যাপন যাতে স্বাচ্ছন্দময় করে তোলাই প্রকল্পটির মূল কাজ। বিভিন্ন বৃত্তিমুলক শিক্ষা প্রদান করতে প্রশাসনকে সম্পৃক্ত করার জন্য সভাপতি অনুরোধ জানান। | বিভিন্ন বৃত্তিমুলক শিক্ষা প্রদান করতে প্রশাসনকে সম্পৃক্ত করতে হবে। | নির্বাহী পরিচালক, বাদিয়াখালী ত্রাণ ও পুর্নবাসন সংস্থা, গাইবান্ধা |
| ২১. | **ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), গাইবান্ধাঃ** এনডিপি এরিয়া ম্যানেজার মোকামতলা এরিয়া জানান, সংস্থাটি গাইবান্ধা জেলার সাদুল্লাপুর ও গোবিন্দগঞ্জ উপজেলায় মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি, স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণ ওয়াশ প্রকল্পের মাধ্যমে জানুয়ারি/২৪ মাসে ৪২ জনকে স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ল্যাট্রিন স্থাপনের জন্য ১২,৫৯,০০০/= এবং ০৬ জনকে বিশুদ্ধ পানি ব্যবস্থাপনের জন্য ১,২০,০০০/= টাকা ঋণ বিতরণ করা হয়। | | এরিয়া ম্যানেজার, এনডিপি, মোকামতলা। |
| ২২. | **সুইসকন্ট্রাক্ট, গাইবান্ধাঃ** সুইসকন্ট্রাক্ট কো-অর্ডিনেটর-ফিল্ড অপারেশনস আস্থা প্রকল্প গাইবান্ধা জানান, গাইবান্ধা ও বগুড়া জেলার ১২টি উপজেলায় ৮০ জন দক্ষ কমিউনিটি প্যারামেডিক দ্বারা ২৫০০০ জন জনসাধারণকে নিয়মিত প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের কাজ চলমান রয়েছে। | কমিউনিটি প্যারামেডিক দ্বারা প্রত্যন্ত এলাকায় নিয়মিত প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করতে হবে। | কো-অর্ডিনেটর-ফিল্ড অপারেশনস, সুইসকন্ট্রাক্ট, আস্থা প্রকল্প, গাইবান্ধা। |

| | | | |
|---|---|---|---|
| ২৩. | **কমিউনিটি ম্যানেজমেন্ট সেন্টার (সিএমসি), পলাশবাড়ী, গাইবান্ধাঃ** কমিউনিটি ম্যানেজমেন্ট সেন্টার (সিএমসি) প্রধান নির্বাহী কর্মকর্তা পলাশবাড়ী, গাইবান্ধা জানান, গাইবান্ধা সদর উপজেলার রামচন্দ্রপুর ও গোবিন্দগঞ্জ উপজেলার সাপমারা ইউনিয়নে গ্লোবালফান্ড ফর চিলড্রেন প্রকল্পের আওতায় ০২টি আনন্দময় শিশু শিক্ষা স্কুল কার্যক্রম চলমান রয়েছে। ০২টি স্কুলে মোট শিক্ষার্থীর সংখ্যা ১২০ জন। এছাড়াও স্কুল দুইটিতে কিশোর-কিশোরীদের জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। পলাশবাড়ী উপজেলার ৮টি ইউনিয়নে ভিডব্লিউবি এর উপকারভোগী মহিলাদেরকে মহিলা বিষয়কের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ ও সঞ্চয় ব্যবস্থাপনার কার্যক্রম চলমান রয়েছে। | আনন্দময় শিশু শিক্ষা স্কুলের কার্যক্রম পরিচালনায় উপজেলা শিক্ষা অফিসারকে সম্পৃক্ত করতে হবে। | প্রধান নির্বাহী কমিউনিটি ম্যানেজমেন্ট সেন্টার (সিএমসি), গাইবান্ধা। |
| ২৪. | **কেয়ার বাংলাদেশ, গাইবান্ধাঃ** কেয়ার বাংলাদেশের টেকনিক্যাল ম্যানেজার গাইবান্ধা জানান, গাইবান্ধা জেলায় কেয়ার বাংলাদেশ এর সহযোগি সংস্থা এস কে এস ফাউন্ডেশনের মাধ্যমে সৌহার্দ্য -৩ প্লাস প্রকল্পের মাঠ কর্মীদের নিয়ে ত্রৈমাসিক শিক্ষন বিনিময় সভা এবং স্থানীয় স্বাস্থ্য সেবিকা এবং স্বাস্থ্য পরিবার পরিকল্পনা বিভাগের ষ্টাফদের সথে স্বাস্থ্য ও পুষ্টি সেবা উন্নত করণে শিক্ষন বিনিময় সভা আয়োজন করা হয়। নির্বাহিত বাগান স্থাপনকারী অংশগ্রহণকারীদের পুষ্টি বাগান পরিচর্যাসহ উন্নত কৃষি চাষাবাদের কলাকৌশল সমন্ধে সচেতনতামূলক সেশন পরিচালনা করা হয়। | বন্যাদূর্গত এলাকার বসতঃবাড়ি ভিটা উঁচু করণ নির্বাচনে প্রশাসনকে সম্পৃক্ত করণ করতে হবে। | টেকনিক্যাল ম্যানেজার, কেয়ার বাংলাদেশ, গাইবান্ধা। |
| ২৫. | **বিজ, পলাশবাড়ী, গাইবান্ধা:** বিজ এর জোনাল ম্যানেজার পলাশবাড়ী, গাইবান্ধা জানান, ০২ জন কমিউনিটি হেলথ্ অফিসারের মাধ্যমে ২৪ জন নতুন গর্ভবতীকে সনাক্তরকরণ ও তাদের প্রাথমিক চেকআপ, ৩৮০ জন সাধারণ রোগীকে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান, ১৬০টি কম্বল বিতরণ এবং ১২ জন ভার্মি কম্পোস্ট খামারীকে সহযোগিতা প্রদান করা হয়। গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসবপরবর্তী কালীন সেবা, শিশুর দৈহিক বৃদ্ধি পর্যবেক্ষণ, ডায়াবেটিকস পরীক্ষা, গর্ভ সনাক্তকরণ এবং কিশোর-কিশোরীর ও নবদম্পতিদের পরামর্শ প্রদান করে। ১১টি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির মিটিং বাস্তবায়ন করা হয়েছে। | স্বাস্থ্য, শিক্ষা ও কৃষি কার্যক্রমকে আরও বেগবান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করতে হবে। | জোনাল ম্যানেজার, বিজ, পলাশবাড়ী, গাইবান্ধা। |

**২। বিবিধ আলোচনা** : সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিদের ফেব্রুয়ারি, ২০২৪ মাসে এনজিও বিষয়ক কার্যক্রমের উপর তথ্যচিত্র প্রদর্শনের আহবান জানানো হলে উপস্থিত এনজিও প্রতিনিধিগণের মধ্যে জনাব মো: মিজানুর রহমান, জোনাল ম্যানেজার, বিজ, পলাশবাড়ী, গাইবান্ধা তাদের গৃহীত কার্যক্রমের উপর স্লাইড প্রদর্শনের বিষয়ে অভিমত প্রকাশ করেন।

৩। যে সকল এনজিও শিক্ষা নিয়ে কাজ করে তাদের ছাত্র ও ছাত্রীদের তালিকা এ কার্যালয়ের জমাদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। গাইবান্ধা জেলার সকল এনজিও প্রতিনিধিকে তাদের এফডি-৬ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের আহবান জানানো হয় । উক্ত এফডি-৬ মোতাবেক কাজের অগ্রগতির প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে দাখিলের জন্য অনুরোধ জানানো হয় ।

৫। প্রতিটি এনজিও প্রত্যয়নের জন্য জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।

৬। বিভিন্ন দিবস উদযাপনের সময় উক্ত দিবসের সাথে সংশ্লিষ্ট এনজিও'কে অন্তর্ভুক্ত করতে হবে।

৭। গাইবান্ধা জেলায় বাল্য বিবাহ প্রতিরোধ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, শিক্ষা বিস্তার, স্বাস্থ্যসেবার মান উন্নয়ন(বিশেষ করে চরাঞ্চলে), জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম জোরদার করার জন্য সকল এনজিও প্রধানকে অনুরোধ জানানো হয়।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় বর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের আহবান জানিয়ে এবং বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা ও এনজিও প্রতিনিধিদের ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৫৫.৩২০০.০২২.০৩.০০৯.২৩.২৭০

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০
২৮ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর

৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ............................ (সকল), গাইবান্ধা

৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।

৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা। তাঁকে সভার কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

৮) নির্বাহী প্রধান/নির্বাহী পরিচালক/ম্যানেজার/,

কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক